EDITION 9 • AUGUST 2021

FORWARD

REBUILDING INDIA IN NETAJI'S WAY

FORWARD

REBUILDING INDIA IN NETAJI'S WAY

Cover Photo:
Netaji's Collected Works / Diganta Sengupta

Photo from the album of late Anand Mohan Sahay, who was one of the closest associates of Netaji and secretary general with ministerial position in the Azad Hind Government of Subhas Chandra Bose. Sahay hailed from Bhagalpur in Bihar and had also serves as India's Ambassador in Thailand between 1957 and 1960.

EDITORIAL NOTE

Hope everyone reads this curated magazine of Forward in a good state. We all are amidst a pandemic, and freedom does not feel real, and there is a constant struggle for existence. However as we undergo the conflict of mind and body, reading the deeds of the people who once fought hands with an entire regime, might keep us motivated.

Today, with the blessings of Netaji, we celebrate the 2nd Anniversary of Forward Webzine. Forrward Webzine has received immense love and support during this period and wished the same always. We thank each and everyone who stood beside us and let us be what we are today. You are our strength, we are nothing without you!

Please note that the entirety of this magazine is meant to educate and let people express their feelings about it. We have three tiers of content. The first part, is reserved for our idol, Shri Netaji Subhash Chandra Bose; secondly we have a section for Indian Independence Movement; Last but not least is a section dedicated to the Socio-Cultural issues. Insights and compiled writings from different people, and fellow workers of the Netaji movement contributed to this magazine, which adds some amount of productive output in these striking times, where we have a lot to mourn and a lot less to celebrate. Still, staying strong, and while supporting and volunteering for help is highly appreciated. I hope we all will be able to pass through these times while remembering and getting inspired from the flaring write-ups and pictorials penned down digitally in this magazine. Read on! Progress on!

Jai Hind,
Editorial Team,
Forward Webzine
15th August, 2021.



Contents:

Contents:

চিত্রকলা -

কলাক্ষেত্র -



Forward
Rebuilding India in Netaji's Way


THE LEGEND

EMANCIPATION OF THE TAG 'NAZI COLLABORATOR' OFF NETAJI





EMANCIPATION OF THE TAG 'NAZI COLLABORATOR' OFF NETAJI

RAJDEEP SAHA

As we discuss about Subhas Chandra Bose, the entire mass of people across the world is bound to get divided into certain groups. The first group consists of all those who, for reasons unknown, always hate Bose and continuously spread rumours about him. 74 years have passed since India got its so-called independence, but still no one has attempted to remove certain tags like 'war criminal' or 'a flawed hero' from the crown of Bose. Still today the American outlets, some of Indian media groups and many people (even in abroad) describe Bose as "an Indian nationalist who collaborated with the Nazis."

With Netaji's 125th birth anniversary being celebrated nationwide this year with pomp & show, a new interest on Subhas Bose has aroused among the people. This renewed interest can serve as the nucleus of our efforts to emancipate the popular tags ascribed to Netaji; but to our disappointment, what fundamentally excites most of the people is the mystery surrounding his disappearance, as if our leader had no existence before 18th August 1945. Netaji's after-life seems to be more important than his life. Everyday someone or the other claims to know what really happened to him. Many public intellectuals have kept the media & political circles abuzz with all sorts of nuisance, trying to take credit in whatever new information features in the news. Last but not the least I must mention all those self-proclaimed Netaji admirers who are gradually denying his human existence. The silliest thing is their belief that Netaji is still alive in the 21st century, which in turn affects the evaluation of his death mystery.

Although this mystery needs an ultimate conclusion, people must be made aware of his life & works at the same time which indeed provides ample opportunities to admire him. But to know him correctly we must, first of all, not believe in rumours and think on the basis of the available evidences.

Hence this documentation shall deal with the question – Was Netaji a 'Nazi collaborator'? Volumes can be written about this topic, finally getting lost in hyperbole and sentiments; but I will try to strictly stick to my point on the basis of the information I collected from some books and web articles.

As for Bose, the ultimate mission of his life was his country's freedom and he was ready to go to any extent to achieve his goal. The Congress, having distanced itself completely from Bose, took a resolution on December 1941 that India could not "offer voluntary and willing help to arrogant imperialism which is indistinguishable from fascist authoritarianism". Although it sounds very polite, the tone was indistinguishable. Being an imperialist collaborator was worse than being a fascist one; at least the latter had chances of freedom while the former reinforced slavery. Bose, in 1940, was clear on his plan to bring freedom with the help of the global powers. "In spite of being in a precarious position, the British would not hand over power to Indian people and the latter would have to fight for their freedom..... India would win her independence if she played her part in the fight against Britain and collaborated with the powers that were fighting Britain."

But this does not mean that Bose was inspired by Hitler's ideals. This can be proved by a letter to Dr. Thierfelder in 1936, where he spelt out his views on the culture of the Nazis: **"When I first visited Germany in 1933 I had hopes that the newly formed German nation which had risen to consciousness of its national strength and self-respect would instinctively feel a deep sympathy for other nations struggling in the same direction. Today I regret that I have to return to India with a conviction that the new nationalism in Germany is not only narrow and selfish, but also arrogant."** If he thereafter went back to Germany, not being a admirer of Nazism, it was on pragmatic grounds.
'No country places her interests after those of the rest of mankind. In pursuit of national interest, nations and their leaders would even shake hands with the devil. It is for the reason of larger national interests that the United States, the Land of Free, is friends not only with regressive Saudi Arabia, but also Pakistan, which harboured their enemy No 1, Osama bin Laden. It was this very reason Subhas Chandra Bose shook hands with Adolf Hitler and, if you please, Indira Gandhi with Saddam Hussein'. (Conundrum p776)

If we google the word 'collaborator' we find the word to connote to 'a person who cooperates with an enemy invader'. Vishwas Patio's well-documented 'Mahanayak Subhas Chandra Bose: A Novel' gives us a detailed description of the historic meeting between Netaji and Hitler which took place on 29th May 1942. Going into the details of the discussion between the two leaders, we'll find nothing to prove that Subhas Bose was cooperating with Nazi Germany. 'He had made no secret about his liking for certain aspects of Fascism, National Socialism and Communism, whose positive aspects he wanted to synthesize into a new ideology but beneath the veneer of his bonhomie with the dictators was his dislike for Hitler and rabid racism'. In his speech in the Tokyo University 1944, Netaji said: **"India needs to have a philosophy that should be a synthesis between National Socialism (Nazism) and Communism."** To his own admission in his book "The Indian Struggle" Bose believed that India needed a political system that was a mix of Fascism and Communism – something which he called samyavad at that time.

If we draw a comparison between Hitler and Winston Churchill, we'll find 'it was not Hitler but the British Prime Minister during World War II, who hated Indians from the core of his heart. It was Churchill, not Hitler, who made

the most offensive comments about Indians that made even his fellow Britons wince in disgust. Leo Amery, the Secretary of State for India and Burma noted that despite the full participation of the Indian troops in the Allied efforts against Nazi Germany, Churchill had a 'curious hatred for India', and was 'convinced that the Indian Army is only waiting to shoot us back'. Churchill's own private secretary recorded that 'the Hindus were a foul race' who were protected by their pullulation from the doom that is their due'. (Conundrum p777) As Bhupesh Gupta said, 'I have gone through the volume of Sir Winston Churchill and not a single word favourable to India occurs there. He has been known to be anti-Indian always.'

In his first radio broadcast from Berlin on 1st May 1942, Bose stated that 'my concern is, however, with India, and if I may add further, with India alone'. According to the minutes of the historic meeting, he even raised with Hitler the issue of his disparaging comment about Indians in Mein Kampf. Hitler answered that his words were 'directed at certain tendencies among the suppressed people to form a united front against their oppressors'. (Rudolf Hartog, The Sign of the Tiger pp 27-28) Churchill was never asked, so he never offered any explanation – satisfactory or otherwise. No Indian leader or diplomat could ever muster courage to raise with Churchill the issue of his crimes against India. But India forgot what he had done to us and we mourned his passing away. The Tricolour was flown half-mast on the government buildings in India and glowing tributes were paid on the All India Radio. There was no precedent for doing so over the passing away of a foreign private citizen.



My reason for mentioning all these in this documentation is: If our first Prime Minister, Jawaharlal Nehru, could merrily intermingle with the man who had more Indian 'blood on his hand as Hitler does', then what wrong did Subhas Chandra Bose do in shaking hands with Hitler? The reality is that he was there seeking help, not as an armchair critic. His purpose

was to obtain as much help as possible without compromising on self-respect or India's interest. 'He wanted to keep his own liberty of action and he did not want to be branded as pro-Nazi'. (Giriji Mookherjee, This Europe p132)

In this context I would extract a few lines from Conundrum (p783): 'Pervez Musharaf, directly responsible for the deaths of so many Indians, including the soldiers we lost during Kargil war, was given a ceremonial Guard of Honour by the Indian armed forces upon his arrival in New Delhi in 2001 for a start..... And, if this was a triumph of Indian diplomacy, how come Subhas Bose's reaching out to Hitler, who had not caused even a single Indian death, became a cause to beat one's chest in the name of mortality and world peace?' Indeed India is a strange land!

On 19th April 2015, Manimugdha S Sharma wrote a web article in Times of India titled 'Netaji Subhas Chandra Bose wanted ruthless dictatorship in India for 20 years'. This long article has said nothing about the discussions between Hitler and Netaji, nothing about Bose's struggle for the INA; but in the second paragraph itself, the writer claims Bose to have signed a 'Faustian treaty with Nazi Germany and Empire of Japan'. All these had created much misconception among the readers. First of all I must say that the term 'ruthless dictatorship' is wrongly conceived. If Bose's ultimate intention was dictatorship, he would not have wasted his time inspiring thousands of people to lay down their lives for a single cause (He didn't force anyone). He was impressed by the discipline and efficiency of Italy and Germany, who at that time were the only countries who were able to stand up before the military might of the British.

The strongest evidence which I can present to disprove the claim that Netaji wanted dictatorship, is from the famous book Blood Bath. No-one can dare to question the words of this book as it is the only one of its kind. Bose said: "The Azad Hind Fauj is the military organ of the Provisional Government of Azad Hind. The Provisional Government and its army are servants of the Indian nation. Their task is to fight and liberate India. When the liberation is achieved, it will be for the Indian people to determine the form of Government that they desire. The Provisional Government will make room for a permanent Government in Free India, which will be set up in accordance with the will of the Indian people. For that glorious day we are now toiling, sweating and fighting. [Concluding lines – Netaji's broadcast over the INA Headquarters Broadcasting Station on First Anniversary of Foundation of the INA] (Blood Bath p38)

Therefore, it may be summed up that 'His link to Hitler has been wrongly interpreted by those who vociferously claim that Bose was a pro-fascist leader. Notwithstanding the troubled history of Bose's 'purely diplomatic' (in the best interest of his Nation) association with the Nazi powers, one undisputable fact about Subhas Chandra Bose is that he was India's liberator. It is through this prism that we are going to assess his place in our history, and not how he is viewed in the West'. Hence we cannot call him a **'Nazi Collaborator'**

সুভাষ মানে

সুজন হাজরা

সুভাষ মানে..
স্বাধীনতার সংগ্রামী দীক্ষা
জীবন মরণ লড়াই পণ,

সুভাষ মানে..
বহ্নিশিখা বজ্রশিখা
ব্রিটিশের বুক কাঁপানো বজ্রের গর্জন,
ব্রিটিশের পায়ের তলার ভূকম্পন।
দূর সিন্ধুর ওপারে-
মহারানীর চোখের তলায় কালো ছাপ।

সুভাষ মানে..
উত্তাল সমুদ্র,
প্রচণ্ড ধ্বস নামানো ফৌজ
আজাদ হিন্দ ফৌজ;
স্বাধীনতার শেষ যুদ্ধ।

সুভাষ মানে..
স্বাধীনতার মুষ্ঠি ভিক্ষা নয়
সুভাষ মানে.. পূর্ণ স্বরাজ।

সুভাষ মানে..
ভ্রাতৃত্বের বন্ধনে মহাভারতের মহিমতা।

সুভাষ মানে..
অখণ্ড ভারতের ওম শান্তি,

সুভাষ মানে..
বরাভয়।

সুভাষ মানে..
গীতার পুরুষকার
অদম্য পৌরুষ।

“ক্লৈব্যং মাস্ম গমঃ” এরই মহা- শঙ্খ- নাদ।







Digital Illustration By **Swayam Dhibar**

বিষয়টি হয়তো বহু মানুষেরই অজানা যে নেতাজি সুভাষ চন্দ্র বসু তাঁর শৈশবকাল থেকেই দেবীশক্তির পরম ভক্ত ছিলেন। তার মাতা শ্রীমতী প্রভাবতী দেবীও ছিলেন দেবীশক্তির উপাসক। নেতাজি সর্বদা মা কালীর একটি প্রতিকৃতি নিজের সঙ্গে রাখতেন। দেশমাতৃকাকে তিনি মা কালীর রূপে দেখতে পেতেন। পাশাপাশি শ্রী রামকৃষ্ণদেব এবং স্বামীজির উপর ছিল তাঁর গভীর শ্রদ্ধা ও বিশ্বাস। দেশে বিদেশে বিভিন্ন স্থানে তিনি রামকৃষ্ণ মিশন দর্শন করেছেন। আমৃত্যু নিজ ধর্ম ও দেবীরূপী দেশমাতৃকার উপর গভীর ভালোবাসা ও আস্থা ছিল নেতাজির।

“NETAJI AND HIS SOCIAL REFORMS”



Forward

Rebuilding India in Netaji's Way

NETAJI AND HIS SOCIAL REFORMS

AMRIT BHATTACHARJEE



We all know that there exists a feeling of nostalgia, of historical correlations to an epitome of love for the country, selfless service as leadership- we all are familiar with the emotions when we call upon a celebrated leader of a country. Netaji Subhash Bose, as we know him, the great leader of India, who emerged from the limbs of Bengal, has a huge following who strive to keep his legacy alive.

However, that said, in this present century, a section of people, and especially those having some political motivations or other vested interests uses his name to quench their own political agendas. As a matter of fact, we see Bose's self-formed party the Forward Bloc having drifted apart from Netaji's ideology and principle of Socialism, flauntingly advocates an alien form of socialism at present, while other parties simply want to earn an enormous pool of supporters for themselves using our Leader as almost a trunk-card. Still others try to use him to pull up their vote count.

While we talk of emotions and we emphasize that Subhash Bose was a huge political figure only, there was more to that. He was more than his ideologies, and there is certainly more to him than the epic-tale (or so it has been turned into) of his disappearance mystery. While we do know his roles in the INA, the INC, and administration of a struggle with justified violence, we have a vague idea

on the details of his methods, thereby being largely confused as to "what is his legacy?"! Let us try to take up one instance of his life, and I will trying to continue more of this analysis later on in the same magazine, if possible.

"Civic Government in Kolkata has started its journey with the enactment of the Calcutta Municipal Act, 1923. Later this Act was replaced by the Calcutta Municipal Act, 1951. The name of 'Calcutta' has been converted to 'Kolkata' after enactment of the West Bengal Capital City (Change of Name) Act, 2001."



As the first enacted local self-governing body was established, the leader took the course of being the Chief Executive Officer, or the Mayor of the City, at just an age of 27. On 22/8/1930 he could finally sit for thinking and implementation of the socio-economic development of his state. He was sent to prison in 1924 initially, just after 6 months of holding the office primarily and raising a march in the streets of Calcutta, against the British Raj and its barbaric means of oppression.

In his own words "In a place like Corporation, the moral effect is the whole effect." No wonder he could forge the mentality of the locals into a sentiment that Gandhian unity could not harness in the city.

When upholding the city's job once more after coming out of exile, he could plan for his city as he was re-elected in 1927. Although, he did not continue in that position for long because he had a greater goal, and perhaps the only goal set for himself- to emancipate his Motherland from the British yoke. Once that is done, then he could freely develop his nation.

Here are the few basic yet highly necessary changes he envisioned on behalf of the Calcutta Municipal Corporation-

A MUNICIPAL GAZETTE, FOR AWARENESS

Netaji knew that foreign powers have an economic and policing control over the city. That stood as an incentive for many to join the British. Many others were not aware of the situation created by the British on a wider scope. Furthermore in the development



stage of the city, people should know their government's progress, and should be able to collectively aid in building a better future. At present, we have media (the fourth pillar of democracy, as it is said). But it is corrupt and is bought by the state, and thus has a lesser reach on people with associations of another colour (another political identity which that individual believes in) which defies the purpose of having the gazette. HOWEVER THIS IDEA IS INDEED AN IMPORTANT STEP IN BUILDING A STRONGHOLD IN SOCIETY.

CIVIC WORK SHOULD BE TREATED AS NATIONAL RESPONSIBILITY AND DUTY.

When we talk about Netaji's innate "indic socialist approach", we do see that he wanted positive societal building through the identity of a nation and as a society developmental step. Therefore for a strong nation, and a strong state, the members who are assigned different duties in civic bodies, must treat it as a national responsibility, and should give their best into it. Present day, the temper of "working for social goodwill" is lost and everyone dearly wants to earn their daily bread, with money to spare.

ONLY IF WE HAD A STRONG ADMINISTRATION, LIKE HE ENVISIONED, COULD WE OVERCOME MAJOR COMMITMENT ISSUES.



IMPORTANCE OF AN ELECTED REPRESENTATIVE.

British India was everything but democratic. A people's government was thereby very much a necessity, when it's the question of local development and well-being. An elect-

ed list of members with proactive and solution-based approach should work under the municipal corporation. Coming back to present day Kolkata, bribery, fake certificates of qualifications are seen and people are being selfish and negligent and dishonest to their own state and their own people. It's SAD, but it is TRUE. Try walking down different streets of Kolkata and visit government offices, and you can surely spot the corruption.

DISTINCT LIST OF WORK AND DIVERSE REACH OF THE CORPORATION:

Imagine working for a company which doesn't give you the rights of your work. Now imagine another scenario where you want to work for the benefit of the greater good, but you are restricted by the company. In both scenarios, the work gets barriers and proves to be inefficient. Thus with a diverse reach of corporation over the bureaucracy. Sadly the bureaucracy got ahead of the municipal corporation in the years following 2000 era.

Now let's discuss a few basic yet important goals, which are yet to be achieved fully, but we are striving to work for. These are purely developmental

I) Free Primary Education - Education solves several problems (Vocational Education for jobs and sustainability, literature for literacy, moral education for discipline development and proper social attitude)

II) **Free Medical relief** for the under privileged. Menstrual products for females distributed monthly, funds for which will be paid through general taxation of the people of the higher end.

III) **Rationing cheap** basic products for lower end and middle class.

IV) **Hygienic Conditions** in slums.

V) Bidyadhari **street lighting** for the classic Calcutta streets look

VI) Organization and regulations of Motor vehicles to **check pollution** And organization of railways.

VII) CREATION OF **PERMANENT AND TEMPORARY INSTITUTES** OF PREVENTION OF EPIDEMIC HOSPITALS **(SO RELEVANT IN TODAY'S PANDEMIC SCENARIO)**

VIII) Managing the **socio-economic justice** and affairs of the largest brothel of Asia- **Sonargachi**

IX) Sorting out reservation and people's freedom, ensuring justice equality and love (as he also wanted Muslim league and INC on similar goals, just like brothers)
And lastly,


x) Creation of a **Research Production and development committee** in the heart of Kolkata

I hope this explains what the goals of any Netaji lover should be. Thereby Netaji is more than just the Promethean Epic-Hero and the Mystic, the stories of whose death or disappearance still remains a mystery. There is certainly more to the Leaders life that needs to be celebrated. Indeed, Netaji's way, is the way towards a better India.

সুভাষ

সমীরণ পাল

সুভাষ ছিল বলেই ভারতবর্ষ পেলো স্বাধীনতা,
সুভাষই ছিল প্রথম ছাত্র আন্দোলনের নেতা
সুভাষের অপার দেশভক্তি ও ভালোবাসা
সুভাষের ভালোবাসা ভারতবর্ষ পেলো নতুন আশা।
সুভাষের গুরু বিবেকানন্দ ছিল দর্শনের ভাষা
সুভাষের জীবনের পদক্ষেপে বিবেকানন্দের আশা।
তুমি ছিলে বলে চাষা আশায় বেঁধেছিল বুক,
তুমিতো ঘুচিয়ে ছিলে চাষার দুঃখ।
তুমি ছিলে বিপ্লব ও জাগরণের নতুন আশা,
তুমিই তো সেই মানব দেশ ও দেশের আশা।
তোমায় তো ঠেকানো যায়নি তোমার অধিকারের পথে,
তোমায় তো মুছে ফেলা যায়নি শত চক্রান্তের হাতে।
তোমার দেশত্যাগের পথ আপন করেছিলো যে ভারত,
তোমার দেশত্যাগের কথা লিখেছিলেন যে রবীন্দ্রনাথ।
তোমায় তো আপন করেছিলো প্রবাসী ভারতীয়রা,
তোমায় ভগবানরূপে পুজেছিল তারা।
তোমায় তো 'নেতাজি' বলে জেনেছিল হিন্দু, মুসলিম, শিখ ও ঈসাই,
ভারত মায়ের বীর সন্তান তুমি যে 'নেতাজি'
তুমিই তোঁ সিখিয়েছিলে মানব প্রেম,
তুমিই তো বলেছিলে "তোমরা আমায় রক্ত দাও আমি তোমাদের স্বাধীনতা দেব।"





নেতাজীর ভাবজগত

ANAL KUMAR MITTRA

আজকের দিনে আমরা দেশ ও সমাজব্যবস্থায় কতোটা নেতাজীর মত প্রয়োগ করেছি সেটা বুঝতে জানা দরকার নেতাজীর ভাবজগৎ কারা আলোকিত করেছিলেন।

দেখে নেওয়া যাক নেতাজীর একলা পথ চলার সংগ্রামে কারা শক্তি জুগিয়েছিলেন।

"....১৫ বৎসর পূর্বে যে আদর্শ বাংলার ছাত্রসমাজকে অনুপ্রাণিত করিত তাহা স্বামী বিবেকানন্দের আদর্শ। সে আদর্শের প্রভাবে তরুণ বাঙালি ষড়রিপু জয় করিবার, স্বার্থপরতা ও সকল প্রকার মলিনতা হইতে মুক্ত হইয়া আধ্যাত্মিক শক্তির বলে শুদ্ধ বুদ্ধ জীবন লাভের জন্য বদ্ধপরিকর হইত। সমাজ ও জাতি গঠনের মূল - ব্যক্তিত্ব বিকাশ। তাই স্বামী বিবেকানন্দ সর্বদা বলিতেন, " man-making is my mission" - খাঁটি মানুষ তৈয়ারী করাই আমার জীবনের উদ্দেশ্য।

কিন্তু ব্যক্তিত্ব বিকাশের দিকে এত জোর দিলেও স্বামী বিবেকানন্দ জাতির কথা একেবারে ভুলিয়া যান নাই। কর্মবিহীন সন্ন্যাসে অথবা পুরুষকারহীন অদৃষ্টবাদে তিনি বিশ্বাস করিতেন না। রামকৃষ্ণ পরমহংস নিজের জীবনের সাধনার ভিতর দিয়া সর্ব ধর্মের যে সমন্বয় করিতে পারিয়াছিলেন তাহাই স্বামীজির জীবনের মূলমন্ত্র ছিল এবং তাহাই ভবিষ্যত ভারতের জাতীয়তার মূল ভিত্তি। এই সর্বধর্ম সমন্বয় ও সকল মত সহিষ্ণুতার প্রতিষ্ঠা না হইলে আমাদের এই বৈচিত্র্যপূর্ণ দেশে জাতীয়তা সৌধ নির্মিত হইতে পারিত না।

বিবেকানন্দ যুগের পূর্বে যখন আমাদের দেশের নবযুগ প্রথম আরম্ভ হয় তখন আমাদের পথপ্রদর্শক ছিলেন রাজা রামমোহন রায়। ধর্মের নামে যে সব অধর্ম চলিতে ছিল এবং যে সব আবর্জনা ও কুসংস্কার ধর্মের নামে সমাজদেহকে আচ্ছাদন করিয়াছিল এবং হিন্দু সমাজকে শতধা বিভক্ত করিয়াছিল, তাহা ধ্বংস করিবার জন্য রাজা রামমোহন কৃতসংকল্প হইয়াছিলেন। রামমোহনের যুগ হইতে বিভিন্ন আন্দোলনের ভিতর দিয়া ভারতের মুক্তির আকাঙ্খা ক্রমশ প্রকটিত হইয়া আসিতেছে। ঊনবিংশ শতাব্দীতে এই আকাঙ্ক্ষা চিন্তারাজ্য ও সমাজের মধ্যে দেখা দিয়াছিল কিন্তু রাষ্ট্রীয় ক্ষেত্রে তখনও দেখা যায় নাই কারণ তখনও ভারতবাসী পরাধীনতার মহানিদ্রায় নিমগ্ন থাকিয়া মনে করিতেছিল যে ইংরাজের ভারতবিজয় একটা দৈব ঘটনা। ঊনবিংশ শতাব্দীর শেষদিকে এবং বিংশ শতাব্দীর প্রারম্ভে স্বাধীনতার অখন্ড রূপের আভাস

রামকৃষ্ণ-বিবেকানন্দের মধ্যে পাওয়া যায়। “Freedom, freedom is the song of the soul” এই বাণী যখন স্বামীজীর অন্তরের রুদ্ধ দুয়ার ভেদ করিয়া নির্গত হয় তখন তাহা সমগ্র দেশবাসীকে মুগ্ধ ও উন্মত্তপ্রায় করিয়া তোলে। তাঁর সাধনার ভিতর দিয়া, আচরণের ভিতর দিয়া, কথা ও বক্তৃতার ভিতর দিয়া এই সত্যই বাহির হইয়াছিল।

স্বামী বিবেকানন্দ মানুষকে যাবতীয় বন্ধন হইতে মুক্ত হইয়া খাঁটি মানুষ হইতে বলেন এবং অপরদিকে সর্বধর্মসমন্বয় প্রচারে ভারতের জাতীয়তার ভিত্তি স্থাপন করেন। রামমোহন রায় মনে করিয়াছিলেন যে সাকারবাদ খন্ডন করিয়া এবং বেদান্তের নিরাকারবাদ প্রতিষ্ঠার দ্বারা তিনি জাতিকে একটা সার্বভৌমিক ভিত্তির উপর দাঁড় করাইতে পারিবেন। ব্রাহ্মসমাজও সেই পথে চলিয়াছিল কিন্তু ফলে হিন্দু সমাজ যেন আরও দূরে সরিয়া গেল। তারপর বিশিষ্টাদ্বৈতবাদমূলক বা দ্বৈতাদ্বৈতবাদমূলক সত্য প্রচারের দ্বারা এবং সকল মত সহিষ্ণুতার শিক্ষা দিয়া রামকৃষ্ণ ও বিবেকানন্দ জাতিকে একতাসূত্রে গাঁথিবার চেষ্টা করিলেন।

যে স্বাধীনতার অখন্ড রূপ বিবেকানন্দের মধ্যে আমরা দেখিতে পাই তাহা বিবেকানন্দের যুগে রাষ্ট্রীয় ক্ষেত্রে প্রবেশ করে নাই। অরবিন্দের মুখে আমরা সর্বপ্রথম রাষ্ট্রীয় স্বাধীনতার বাণী শুনতে পাই। অরবিন্দ যখন বন্দেমাতরম পত্রিকায় লিখিলেন - “ We want complete autonomy free from British control” - তখন স্বাধীনতাকামী তরুণ বাঙালি বুঝিল যে, এতদিন পরে সে মনের মত মানুষ পাইয়াছে। ভাবপ্রবণ বাঙালি স্বাধীন ভারতের স্বপ্ন দেখিয়া বিভোর হইল। এখনো কানে বাজে সেই বাণী যাহা অরবিন্দ কলিকাতার মুক্ত প্রাঙ্গণে দাড়াইয়া বলিয়াছিলেন- “ I should like to see some of you becoming great; great, not for your own sake, but to make India great- so that she may stand up with head erect amoung the free nations of the world.”

পরিপূর্ণ স্বাধীনতার প্রেরণা পাইয়া বাঙালি জাতি ঝড় তুফান অগ্রাহ্য করিয়া, বিপ্লবের ঝঞ্ঝার ভিতর দিয়া ছুটিয়া অসিয়াছে।



এই বাণী আরও পরিস্ফুট হইয়াছিল দেশবন্ধু চিত্তরঞ্জনের জীবনে। তিনি তাঁর লাহোরের বক্তৃতায় অতি স্পষ্ট ভাবে ঘোষণা করেন যে, স্বরাজ তিনি লাভ করিতে চান - তাহা মুষ্টিমেয় লোকের জন্য নহে - তাহা সকলের জন্য, জনসাধারণের জন্য। “swaraj for the masses” এই আদর্শ তিনি নিখিল ভারতীয় শ্রমিক সভায় দেশবাসীর সম্মুখে উপস্থিত করেন।

বর্তমান যুগে রামকৃষ্ণ ও বিবেকানন্দ আধ্যাত্মিক জগতে “এক” এবং “বহুর” মধ্যে যে সমন্বয় স্থাপন করিয়াছিলেন-সে সমন্বয় দেশবন্ধু জাতির জীবনে এবং রাষ্ট্রীয় ক্ষেত্রে করিয়াছিলেন বা করিতে প্রয়াস করিয়াছিলেন। দেশবন্ধু শিক্ষার মিলনে যেরূপ বিশ্বাস করিতেন শিক্ষার বিরোধেও তদ্রুপ বিশ্বাস করিতেন। এককথায় তিনি federation of cultures এ বিশ্বাস করিতেন এবং ভারতের মৌলিক একতায় প্রগাঢ় বিশ্বাসী হইলেও বাংলার বৈশিষ্ট্যেও বিশ্বাসবান ছিলেন। রাজনৈতিক ক্ষেত্রে তিনি ভারতবর্ষের পক্ষে centralised state অপেক্ষা federal state বেশি পছন্দ করিতেন।....

ভ্রাতৃমন্ডলী, আজ আমার বক্তব্য এইখানে শেষ করিব। সাম্যবাদ ও স্বাধীনতা মন্ত্র প্রচার করিবার জন্য তোমরা গ্রামে গ্রামে ছড়াইয়া পড়। স্বাধীন ভারতের যে দৃশ্য আজ তোমাদের সম্মুখে ধরিলাম তাহা দেশবাসীর সম্মুখে ধর। সর্বোপরি যাও দলে দলে বাংলার উপেক্ষিত সমাজের কাছে - বল ভাই এতদিন পরে এসেছি তোমাদের কাছে নূতন মন্ত্র নিয়ে, তোমাদের মুক্ত করতে, মনুষ্যত্বের পূর্ণ অধিকার তোমাদেরও প্রাপ্য এই কথা তোমাদের বলতে। তোমরা ওঠো, জাগো এ বীরভোগ্যা বসুন্ধরা তোমাদেরও ভোগ্যা।”

সূত্র: হুগলী জেলা ছাত্র সম্মেলন, সভাপতির ভাষণ, ২১ শে জুলাই ১৯২১।
তরুণের স্বপ্ন, নেতাজী সুভাষ চন্দ্র বসু।

ভারতের স্বাধীনতার অন্যতম কাণ্ডারি
শত্রুর সাথে লড়তে যিনি কোনোদিন ঘাবড়াননি
কষ্টের দিনেও যিনি দৌড়ে যান
মৃত্যু দেখেও এগিয়ে যান
যার রক্তে মিশেছিল স্বাধীনতার জয়,
আজ দেশে কেবল সত্যের ভয় ,
আবারও ফিরও দেশে, হে বীর
অপকর্মে ঢেকে যায় সকল মন্ত্রী।
আজাদির নামে পরাধীনতাই প্রকট
সবার নজর সেই একই মুকুট।
বীর তুমি বাহু বলে এসো গো আবার,
উদ্ধারিতে ভাঙ্গা ভারত
বিদুরিতে দুর্গতি সবার।
নেতাজি আজও তোমার পথ চেয়ে,
অপেক্ষায় রয়েছে সকলে অশ্রু জলে নেয়ে।

~ পাবৃশা দাস



THE TALE OF BLOOD

স্বামীজি নিয়ে কিছু অজানা কাহিনী,চিঠি,গল্প,তথ্য



Forward

Rebuilding India in Netaji's Way



স্বামীজি নিয়ে কিছু অজানা কাহিনী,চিঠি,গল্প,তথ্য

SNEHOJIT ROY MITRA · পর্ব ১

সালটা তখন ১৮৯৫ এর কাছাকাছি।তখন,আমেরিকাতে শিকাগো শহরে বিশ্বধর্ম সম্মেলনের উদ্যোগ চলছে। দক্ষিন ভারত থেকে স্বামী বিবেকানন্দ এর কিছু আনুগামি স্বামীজিকে হিন্দু ধর্মের প্রতিনিধি রূপে পাঠাতে আগ্রহী হলেন। স্বামীজির পবিত্র ছরিত্রে, অগাধ পাণ্ডিত্য এবং প্রাণস্পর্শী কথায় মুগ্ধ হয়ে কিছু দেশিয় রাজা শিষ্যত্ব গ্রহন করেন। সকলে কিছু অর্থ সাহায্য করে আমেরিকায় স্বামীজির নিকট পাঠিয়ে দেন। এই প্রসঙ্গে স্বামীজি তার প্রিয় সুহৃদ জুনাগর এর দেওয়ান সাহেব হরিদাস বিহারী দাস কে চিঠিতে লিখেছিলেন,

"দরিদ্রদের সেবার করতে হলে সংঘ গঠনের প্রয়োজন। সংঘ চালাতে হলে টাকার প্রয়োজন। ভারতে আমাকে কে টাকা দেবে? ধরুন যদি ভারত ত্যাগ করার পূর্বে আমি আপনার কাছে টাকা চাইতাম তবে কি আপনি আমাকে প্রবঞ্চক মনে করতেন না? সবাই তাই ভাবত না? এখনও কি ভারতবাসীর মধ্যে কেউ কেউ সেরূপ মনে করে না? যারা আমাদের প্রবঞ্চক মনে করতে পারে তাদের কাছে আমি সাহায্য গ্রহণ করতে ঘৃণা বোধ করি। তাই দেওয়ান মহারাজ আমি সমুদ্র পার হয়ে এই আমেরিকায় এসেছি।আপনি স্মরণ করতে পারেন, আমি আমার পাথেয় প্রভৃতি গরিবদের নিকট ভিক্ষা গ্রহণ করেছি। ধনী ও রাজা মহারাজা এর প্রস্তাব প্রত্যাখ্যান করেছি কারণ তারা আমার ভাব ধারণা করতে পারেনি।'

এবার আমরা জানবো অজানা তথ্য যেটা থেকে স্বামীজি শিক্ষা ব্যাবস্থা নিয়ে চিন্তা ভাবনার পরিচয় পাই। স্বামীজির বরাবর শিক্ষা ব্যাবস্থা নিয়ে আগ্রহী, তাই বলেছেন,

"Positive কিছু শেখা চাই। খালি বইপড়া শিক্ষা হলে হবে না। যাতে character form হয়, মনের শক্তি বাড়ে, নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে, এই রকম শিক্ষা চাই।"

উনিশ শতকে শিক্ষা-দর্শন নিয়ে লেখা যে বইটি সমগ্র বিশ্বের ভাবুক সমাজে আলোড়ন তুলেছিল, তার নাম 'এডুকেশন: ইন্টালেকচ্যুয়াল, মরাল অ্যান্ড ফিজিক্যাল'। অত্যন্ত প্রভাবশালী এ গ্রন্থের রচয়িতা দার্শনিক হার্বার্ট স্পেন্সার।

এরই সংক্ষিপ্ত বঙ্গানুবাদবিবেকানন্দের 'শিক্ষা' নামক গ্রন্থটি। সংক্ষিপ্ততর সূত্রে শিক্ষা নিয়ে সব ভাবনা গুলো যদি সাজানো যায় তাহলে হবে অনেকটা এইরকমঃ-

১) শিক্ষা হবে বাধ্যতামূলক।

২) আপাত-বিপরীত বিদ্যা— যেমন, কলার পাশে বিজ্ঞান, আধ্যাত্মিকতার পাশে বস্তুবাদী শিক্ষা, জ্ঞানশিক্ষার পাশে কর্মশিক্ষা— এমন সহাবস্থান কাম্য। (সাম্প্রতিক মিশ্র পাঠ)।

৩) শিক্ষার একটি সুনির্দিষ্ট অভিমুখ থাকা দরকার। শিক্ষা শুধু টাকা রোজগারের পন্থা হবে না, শিক্ষা আমাদের বিকশিত করবে। আমরা আরও আত্মানুসন্ধানে হয়ে উঠব। পরিদৃশ্যমান পৃথিবীর বিভিন্ন ঘটনাবলী সম্পর্কে আমাদের মনে ঔৎসুক্য জাগবে।

৪) তখনকার দিনে ব্রিটিশ ভারতে আমাদের বিদ্যালয় গুলিতে যে শিক্ষা ব্যবস্থার পদ্ধতি চালু ছিল স্বামীজী তাকে একেবারে নেতিবাচক শিক্ষা বলে অভিহিত করেছিলেন। তিনি বিশ্বাস করতেন নেতিমূলক শিক্ষা কোনো উন্নতি করে না এবং চরিত্র গঠনে জন্য উপযোগী নই। এই শিক্ষা মানুষে মানুষে বিভাজন রেখার জন্ম দেয়। একদল এই শিক্ষায় শিক্ষিত হয়ে অন্য দলের ওপর প্রভুত্ব করার অধিকার অর্জন করে।

৫) ভারতীয় নারীর আধ্যাত্মিক চেতনায় উদ্বুদ্ধ হবে। তাই ধর্মকে কেন্দ্র করে স্ত্রী শিক্ষার বিস্তার করতে হবে। ধর্মনিরপেক্ষ অন্য সমস্ত শিক্ষাই গৌণ। ধর্ম শিক্ষা, চরিত্র গঠন, পালন প্রভৃতির দিকে জোর দিতে হবে। (নারী শিক্ষা প্রসঙ্গে)

উপরিক্ত চিঠি আর একটি তথ্য থেকে আমরা পড়লে বলতে আপেক্ষা রাখেনা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের উক্তিঃ-
"If you want to know India study Vivekananda, in him everything is positive nothing negetive"

পর্ব ২ খুব শিগগিরই...... পরবর্তী সংখ্যায়.........

তথ্য সুত্রঃ-
১) অচেনা অজানা বিবেকানন্দ- শঙ্কর
২) পত্রাবলি- স্বামী বিবেকানন্দ



How To Reach Us?

Mail Us At:
contact@forwardwebzine.org

Mailing Address:
33A, Sodepur Brick Field Road, Kolkata -700082

Submit Articles At:
forward.editorial@gmail.com

General Enquiries:
abhinaba@forwardwebzine.org

Copyright Issues And Advertisement:
rounak@forwardwebzine.org




Forward

Rebuilding India in Netaji's Way

দেশমাত্রিকার দুই বীর

SHOURJYO GHOSAL



গোপীনাথ সাহার নাম আজ প্রায় বিসিম্রত। এখনকার প্রজন্মের কাছে গোপীনাথ সাহা কেবল মাত্র একটা ইতিহাসের পাতায় হারিয়ে যাওয়া একজন স্বাধীনতা সংগ্রামী। যারাই একটু - আদু ইতিহাসের বই ঘাঁটাঘাঁটি করেছে তারা হয়তো উনার জীবন সম্পর্কে একটু হলেও ধারণা রাখেন। যারা জানেন না তাঁদের জন্যে বলে রাখি। গোপীনাথ সাহার জন্ম ১৬ই ডিসেম্বর ১৯০৫ সালে। ১৯২৩ সালের শেষের দিকে গোপীনাথ কলকাতা পুলিশ কমিশনার চার্লস টেগার্ট কে হত্যা করার জন্য পাগল হয় ওঠেন। ১৯২৪ সালের ১২ই জানুয়ারি, চাদরের আড়ালে একটি পিস্তল লুকিয়ে টেগার্টের সন্দেহে আর্নেস্ট ডে নামক একজন ইংরেজ ব্যবসাই কে অনুসরণ করতে থাকেন। এবং চৌরঙ্গির মোড়ের সামনে প্রথম গুলিটা চালান। প্রথম গুলি লক্ষ্যভ্রষ্ট হলেও দ্বিতীয় গুলি তে বিদ্ধ হয় মাটিতে লুটিয়ে পড়েন ডে সাহেব। গোপীনাথ একটি চলতি গাড়ী তে পালাবার চেষ্টা করলেও পার্ক স্ট্রিটের থেকে কিছু দূরে গিয়ে তিনি ধরা পরে যান। ১৯২৪ সালের ১লা মার্চ, গপিনাথের ফাঁসি হয়। ইতিহাসটা আমরা অনেকেই পড়েছি। কিন্তু সেই দিনের আরেকটি ইতিহাস সকলেরই অজানা। ঠিক ওইদিনই চিত্তরঞ্জন দাশ এর নির্দেশে জেলগেটে উপস্থিত ছিলেন "দেশনায়ক" সুভাষচন্দ্র। জেলগেটের সামনে থেকে যখন গোপীনাথকে নিয়ে যাওয়া হয় ফাঁসি মঞ্চের দিকে উনার গায়ের চাদরটি উড়ে যায়। শোনা যায়, সেই উড়ন্ত চাদর টি কে গায়ে জড়িয়ে নেন দেশনায়ক। সেই সময় গোপীনাথের নাম কোন যুবনেতার থেকে কম নয়।

(সূত্র :- মাত্রিশক্তি পত্রিকা ৬সংখ্যা, সার্ধশতবর্ষে দেশবন্ধু, সন্দীপ বন্দ্যোপধ্যায় - শহিদ গোপীনাথ আর দেশবন্ধু দাশ - পৃষ্ঠা ৩০ - ৩৫)

ওই দ্যাখ!
কৃষ্ণ আমাদের দিকে
হাসিমুখে চেয়ে আছেন!!



ওই দ্যাখ! কৃষ্ণ আমাদের দিকে হাসিমুখে চেয়ে আছেন!!

AMIT DUTTA

কলকাতা থেকে খবর এল, একের পর এক বিপ্লবীদের কেন্দ্রগুলিতে তল্লাশি চালাচ্ছে পুলিশ। বালেশ্বরের সন্ধান পেতে দেরী নেই। দুর্গম ডুভিগর পর্বতশ্রেণী দিয়ে গা ঢাকা দেবার উপযোগিতা নিয়ে কেউ কেউ যখন জল্পনা-কল্পনা করছেন, যতীন দৃঢ়স্বরে জানালেন, "আর পালানো নয়। যুদ্ধ করে আমরা মরব। তাতেই দেশ জাগবে।"

উড়িষ্যার মহাফেজখানায় রক্ষিত নথিপত্র থেকে পুংখানুপুংখভাবে উদ্ধার করা গিয়েছে চারজন অনুচরসমেত কী অসমসাহসিক যুদ্ধ করলেন যতীন-বিপুলসংখ্যক সশস্ত্র পুলিশের মুখোমুখি।

৫ সেপ্টেম্বর এ বালেশ্বরের য়ুনিভার্সাল এম্পোরিয়াম পুলিশ তছনছ করেও কিছু পেলোনা। জনা চারেক গ্রেপ্তার হলেন। চল্লো নির্মম অত্যাচার। মারের মূখে সবাই একই রকম শক্ত থাকেন না। মুখফস্কে কিছু তথ্য দিয়ে দেন। তাদের বেইমান বলা যায়না। নরেন গোসাইয়ের মত বিদেশে চাকরীর লোভে যারা রাজ সাক্ষী হতে চায়, তাদের বেতন মৃত্যু।


Nirendra Dasgupta


Manoranjan Sengupta


Chittapriya Ray Chaudhury


Jyotish Chandra Pal

ত্রিশ মাইল দুরে কাপ্তিপদার জঙ্গল। এবার একদিকে পাচজন বাঙালী যুবক। অস্ত্র বলতে মাউজার পিস্তল। আর অন্যদিকে বালেশ্বর সশস্ত্র পুলিশ, নীলগিরি রাজ্য সশস্ত্র পুলিশ, ময়ুরভনজ সশস্ত্র পুলিশ। এনফিল্ড রাইফেল ও মেশিনগান। মোটরগাড়ী, হাতি, সবই আছে। রাতে সাহেবপুঙ্গবেরা জঙ্গলে ঢুকতে সাহস পেলোনা। সঙ্গীরা যতীনকে জঙ্গলের পথ ধরে পালাতে বল্লেন। কিন্তু ভয় জিনিষটাকে পাচ বছর বয়েষেই বাংলা মায়ের এই সেরা সন্তান জয় করেছে।

৬ সেপ্টেম্বর, ভাদ্র মাস, গুড়িগুড়ি বৃষ্টি পড়ছে। ওড়িশার ঐ অঞ্চল যথেষ্ঠ বৃষ্টিপ্রবন। যতীন তালডিহার আস্তানায় এলেন। সেখানেও একই অনুরোধ, যতীন জঙ্গলের পথে চলে যান। কিন্তু তিনি রাজী নন। তার একটাই কথা, জাতি জাগবে।

এবার পাচজন যতীন, জ্যোতিষ পাল, চিত্তপ্রিয় রায়চৌধুরী, নীরেন্দ্রচন্দ্র দাশগুপ্ত,

মনোরনজন সেনগুপ্ত জঙ্গলের পথে এগেলেন। টাকা কড়ি, আগ্নেয়াস্ত্র পুরু চামড়ার থলি ও বাক্সে।

৯ই সেপ্টেম্বর, ১৯১৫। তখনো ভোর হয়নি। ত্রিশ কোটী ভারতবাসী,কাবুল থেকে রেঙ্গুন, শ্রীনগর থেকে কন্যাকুমারী, গভীর ঘুমে আচ্ছন্ন। গোবিন্দপুর গ্রামের কাছে, ভাদ্রের ভরা বুড়ীবালাম, সরকারি আদেশে সব নৌকা বাজেয়াপ্ত। নদী পার হয়ে বাবুরা দক্ষিণমুখো ভগুয়া গ্রামের কাছে গভীর জঙ্গলের দিকে চললেন। এ অঞ্চলের মানুষ, এতটাই পিছিয়ে যে সরকারী ঢ্যারা বিশ্বাস করলো। সাব ইন্সপেকটর চিন্তামনি সাহু সাদা পোষাকে হাজির ছিল, হঠাৎ যতীনকে জড়িয়ে ধরলো। দেশবাসীর জন্য যতীন গুলি ভরা পিস্তল রাখেন নি। একটা ঝটকা দিলেন। গুলতিতে ভরা পাথরের মত চিন্তামনি সাহু ছিটকে গেলেন। বাধা দুর হলো। সামনেই"অমৃত " নদী। মাথায় পুটলী বেধে, ভরা বর্ষার নদী সাতরে পার হলেন পাচ বিপ্লবী।

চাষাখন্ড গ্রামের টিলায়, মজে যাওয়া, "দেশোয়া গরিয়া" জলার ধারে বসলেন পাচ বিপ্লবী। তিনদিন, পেটে দানা পড়েনি। নীরেনের একটা পা ক্ষতিগ্রসহ। তিনি চিত্ত, মনোরঞ্জনকে অনুরোধ করলেন, তোরা দাদাকে বুঝিয়ে বল, আমার জন্য সবাই ধরা পড়ার মানে হয়না। রুখে দাড়ালেন দলনেতা, "কি এক যাত্রায় পৃথক ফল? আমরা মরলে, দেশবাসী জাগবে, এই যে গ্রামবাসী, যারা আমাদের ডাকাত ভাবছিল, হয়তো এতক্ষণে থানায় খবর পৌছে গিয়েছে (যতীনের অনুমান সঠিক ছিল), তারা অন্তত জানবে আমাদের পরিচয়। তাতে ভবিষ্যৎ প্রজন্ম, দেশটাকে স্বাধীন করতে এগিয়ে আসবে।"

এদিকে পাচজন পিস্তল ধারী আর অন্যদিকে বিপুল সেনা সমাবেশ, সহানীয় শাসক কিলবি, রাদারফোর্ড একদিক দিয়ে আর কোলকাতা থেকে আসা সাহেবরা বিপুল সশস্ত্র সেনা, পুলিশ নিয়ে আরেক দিক থেকে। দুরপাল্লার রাইফেল। মেশিনগান।

